# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৯২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যখন কোন ব্যক্তি অনাবৃষ্টির অঞ্চলে সফর করবে, তখন বাহনে চড়ে দ্রুত সেখান থেকে প্রস্থান করার নির্দেশ

ذِكْرُ الْأَمْرِ بِالْإِسْرَاعِ فِي السَّيْرِ عَلَى ذَوَاتِ الْأَرْبَعِ إِذَا سَافَرَ الْمَرْءُ فِي السَّنة عَلَيْهَا

আরবী

2692 ـ أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ حَدَّثَنَا مُسَدَّدُ بْنُ مُسَرْهَدٍ حَدَّثَنَا خَالِدُ بْنُ عَبْدِ اللَّهِ عَنْ سُهَيْلِ بْنِ أَبِي صَالِحٍ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ (إِذَا سَافَرْتُمْ فِي الخِصْبِ فَأَعْطُوا الْإِبِلَ حقَّها وَإِذَا سَافَرْتُمْ فِي السَّنَةِ فَأَسْرِعُوا السَّيْرَ عَلَيْهَا وَإِذَا عَرَّسْتُمْ فَاجْتَنِبُوا الطَّرِيقَ فإنها مأوى الهوام)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2692 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (2315)، ((الصحيحة)) (1359): م.

বাংলা

২৬৯২. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যখন তোমরা উর্বর ভূমিতে সফর করবে, তখন তোমরা উটকে তার হক প্রদান করবে আর যখন তোমরা অনাবৃষ্টির অঞ্চলে সফর করবে, তখন তো বাহনে আরোহন করে দ্রুত চলে যাবে আর যখন তোমরা শেষ রাতে যাত্রা বিরতি করবে, তখন তোমরা রাস্তা থেকে দূরে থাকবে। কেননা রাস্তা ক্ষতিকর প্রাণীদের অবস্থান করার জায়গা।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৩৩৭; সহীহ মুসলিম: ১৯২৬; তিরমিযী: ২৮৫৮; আবু দাঊদ: ২৫৬৯; সহীহ ইবনু খুযাইমাহ: ২৫৫০; তাহাবী, মুশকিলুল আসার: ১১৫; সুনান বাইহাকী: ৫/২৫৬।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ২৩১৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92022

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন